গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা -১ অধিশাখা

বিষয় : স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী ।

সভাপতি : কাজী আ.খ.ম. মহিউল ইসলাম, অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) এবং চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ।

তারিখ ও সময় : ১৮/০৭/২০১৭ , সকাল ১০.০০ টা

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩৮, ভবন নং- ৩, বাংলাদেশ সচিবালয় , ঢাকা)

উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক "।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । পরিচিতি পর্বের পর সভার উদ্দেশ্য সম্পর্কে সভাপতি সূচনা বক্তব্য দেন । তিনি বলেন যে, নবসৃষ্ট স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে অতি সম্প্রতি ইনোভেশন টিম গঠন করা হয়েছে এবং আজ এই টিমের ১ম সভা অনুষ্ঠিত হচ্ছে । তিনি বলেন যে, পরিবার পরিকল্পনা সেবা বিষয়ক মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন পাইলট উদ্যোগ/প্রস্তাব আজকের সভায় উপস্থাপিত হবে । মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এই বিভাগের এবং তার অধীনস্থ দপ্তরসমূহের জন্য ২০১৭ - ২০১৮ অর্থ বৎসরের বার্ষিক উদ্ভাবন/ ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে মর্মে তিনি জানান ।

০২। **আলোচনা :**

২.১ সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জনাব এস, এম, আহসানুল আজিজ, উপসচিব, জনসংখ্যা -১ অধিশাখা ও সদস্য সচিব, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সভার আলোচ্য বিষয়ে বিস্তারিতভাবে অবহিত করেন । তিনি জানান যে, সরকারের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণকে ইনোভেশন সংক্রান্ত ১ম পর্যায়ে প্রশিক্ষণ প্রদান শেষে বর্তমানে ২য় পর্যায়ে ঢাকায় ০৩ (তিন) দিনব্যাপী প্রশিক্ষণ অব্যাহত আছে । মোট ১১ জন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা উক্ত প্রশিক্ষণে অংশ নিচ্ছেন । উক্ত প্রশিক্ষণের ফলশ্রুতিতে মাঠ পর্যায়ের উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ পরিবার পরিকল্পনা বিষয়ক উন্নত সেবা প্রদানের নিমিত্ত ৬টি পাইলট উদ্যোগ/প্রস্তাব উদ্ভাবন করেছেন । এ উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাবসমূহ আজকের সভায় উপস্থপনাশেষে পর্যালোচনাপুর্বক উদ্ভাবকগণকে প্রয়োজনীয় পরামর্শ/দিক নির্দেশনা প্রদান করাই আজকের সভার মূল আলোচ্য বিষয় ।

২.২। জনাব মো: মিজানুর রহমান, উপসচিব ও ডোমেইন স্পেশালিষ্ট, এ টু আই প্রোগ্রাম সভায় জানান যে, জনগণের দোরগোড়ায় ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে এ টু আই সরকারি কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত মাঠপর্যায়ের কর্মকর্তাদের জন্য নাগরিক সেবা উদ্ভাবন সংক্রান্ত পাইলট পরিকল্পনা গ্রহণ বিষয়ে সহযোগিতা প্রদান করে আসছে । এর মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা অন্যতম । এরই অংশ হিসেবে এ টু আই প্রোগ্রাম উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণকে ১ম পর্যায়ে ইনোভেশন বিষয়ে প্রশিক্ষণ প্রদানপূর্বক বর্তমানে ২য় পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করছে । এপ্রশিক্ষণের মাধ্যমে ৬ টি উদ্ভাবনী পাইলট উদোগ্য/প্রস্তাব প্রণয়ন করা হয়েছে যা আজকের সভায় উপস্থাপন করা হবে ।

২.৩। জনাব ডা: সারোয়ার বারী, উপসচিব, বাজেট ও প্রশাসন-১ শাখা এবং সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এ টু আই প্রোগ্রামের কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নবগঠিত ইনোভেশন টিমের সদস্যগণের জন্য ইনোভেশন সংক্রান্ত ওরিয়েন্টেশণ প্রশিক্ষণ কর্মসূচি এ টু আই প্রোগ্রাম হতে গ্রহণের জন্য প্রস্তাব করেন । সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ এ প্রস্তাবে সায় দেন । এর জবাবে এ টু আই প্রোগ্রামের প্রতিনিধি জনাব মো: মিজানুর রহমান, উপসচিব জনান যে, ইনোভেশন টিমের ০১ বা ০২ জন সদস্যকে ১ দিনব্যাপি ওরিয়েন্টেশণ প্রশিক্ষণ প্রদানের বিষয়টি তারা বিবেচনা করছেন । এ পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ

বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব এস,এম, আহসানুল আজিজ ইনোভেশন টিমের সকল সদস্যগণের জন্য ওরিয়েন্টেশণ প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ জানানো হলে প্রস্তাবটি এ টু আই প্রোগ্রাম এর পক্ষ হতে বিবেচনা করা হবে মর্মে জনাব মো: মিজানুর রহমান আশ্বস্ত করেন।

২.৪। সভায় এপর্যায়ে সভাপতি মহোদয় পরিবার পরিবকল্পনা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ (উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা) কর্তৃক উদ্ভাবিত পাইলট উদ্যোগ /প্রস্তাবসমুহ একে একে সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। অত:পর নিম্নবর্ণিত মোট ০৬ টি (ছয়) টি উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করা হয়।

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তগণ কর্তৃক উপস্থাপিত উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব :

ক্রমিক নং-	উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব এর শিরোনাম	উদ্ভাবক/বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	"মাধ্যমিক বিদ্যালয়ে কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য বিষয়ক প্রচারণা "	১। জনাব সাবিহা কবির, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, পঞ্চগড় ২। জনাব মো: আব্দুল মান্নান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, মুন্সিগঞ্জ ৩। জনাব মো: শিহাব উদ্দিন,উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাউনিয়া, রংপুর ৪। জনাব ওবায়দুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, দিনাজপুর ৫। জনাব নাহিদ সুলতানা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেরানীগঞ্জ , ঢাকা
২।	"নববিবাহিত দম্পতিদের (বাল্য বিয়ের শিকার) গর্ভধারণরোধকল্পে সেবা নিশ্চিতকরণ "	জনাব মো: আব্দুল মান্নান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, মুন্সিগঞ্জ
৩।	"অগ্রহণকারী দম্পতিদের পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় আনা"	১। জনাব মোহাম্মদ কামাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ ২। জনাব এ কে এম খন্দকার মনিরুজজামান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা , ললিতাবাড়ী, শেরপুর
৪।	"ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচলনা কমিটি সক্রিয়করণের মাধ্যমে সেবার গুণগতমান উন্নয়ন"	জনাব নাহিদ সুলতানা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেরানীগঞ্জ, ঢাকা
৫।	"প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধি"	১। জনাব কাজী মাহফুজুল করিম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, ময়মনসিংহ ২। জনাব মো: আরফাত হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দূর্গাপুর, নেত্রকোনা
৬।	"নিরাপদ মাতৃত্ব নিশ্চিতকল্পে কমপক্ষে ৪টি ANC সেবা প্রদানে SMS ও PHONE CALL পদ্ধতির ব্যবহার"	১। জনাব মো: আলী আমজাদ দপ্তরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ ২। জনাব ফারুক আল ফয়সাল, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর ,জামালপুর

তালিকার ক্রমিক নং ১-৬ উদ্ভাবনী পাইলট উদ্যোগ /প্রস্তাবসমূহ উপস্থাপন করেন যথাক্রমে জনাব সাবিহা কবির, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, পঞ্চগড়, জনাব মো: আব্দুল মান্নান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, মুন্সিগঞ্জ, জনাব মোহাম্মহ কামাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ, জনাব নাহিদ সুলতানা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেরানীগঞ্জ, ঢাকা, জনাব কাজী মাহফুজুল করিম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, ময়সনসিংহ ও জনাব মো: আলী আমজাদ দপ্তরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ।

২.৫। প্রতিটি উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব উপস্থাপনের পর সভাপতি মহোদয়সহ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ইনোভেশন টিমের উপস্থিত সদস্যগণ, পরিবার পরিকল্পনা অদিদপ্তরের ইনোভেশন টিমের প্রতিনিধিগণ, এ টু আই প্রেগ্রামের প্রতিনিধিগণ আলোচনায় অংশ নিয়ে প্রতিটি উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব পর্যালোচনাপূর্বক এর অধিকতর সমৃদ্ধ সাধনে মূল্যবান পরামর্শ /দিক নির্দেশনা প্রদান করেন।

০৩। **সিদ্ধান্ত :**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

৩.১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ কর্তৃক সভায় উপস্থাপিত নিম্নবর্ণিত ০৬ (ছয়) টি উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব কতিপয় পরামর্শ/দিক নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে মাঠ পর্যায়ে বাস্তবায়নে উদ্যোগ নেয়া যেতে পারে।

(ক) "মাধ্যমিক বিদ্যালয়ে কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য বিষয়ক প্রচারণা" শীর্ষক উদ্ভাবনী পাইলট উদ্যোগ /প্রস্তাব

পরামর্শ/দিক নির্দেশনা

* প্রচারণার উদ্দেশ্যে মাল্টিমিডিয়া অডিও ভিডিও ডকুমেন্টারী প্রদর্শনের ব্যবস্থা রাখতে হবে ;
* উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাবটি বাস্তবায়নের প্রক্রিয়ায় স্থানীয় জনপ্রতিনিধিকে (যেমন, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান) সম্পৃক্ত রাখতে হবে ;
* উদ্যোগটির বিষয়ে শিক্ষার্থীদের অভিবাবকগণকে সচেতন করার ব্যবস্থা নিতে হবে ;

খ) "নববিবাহিত দম্পতিদের (বাল্য বিয়ের শিকার) গর্ভধারণরোধকল্পে পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণ" শীষক উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব ;

পরামর্শ/দিক নির্দেশনা :

* বাল্য বিয়ের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে বাল্য বিয়ের ছবিসহ বাল্য বিয়ের কুফল সম্পর্কিত ভিডিও ডকুমেন্টারী প্রদর্শনের ব্যবস্থা করতে হবে ;
* উদ্ভাবনী পাইলট উদ্যোগটির আওতায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে নিবিড় পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়নের ব্যবস্থা রাখতে হবে ;

(গ) "ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা কমিটি সক্রিয়করণের মাধ্যমে সেবার গুণগতমান উন্নয়ন "শীর্ষক উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব

পরামর্শ/দিকনির্দেশনা :

* পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ইনোভেশন টিমসহ সংশ্লিষ্ট শাখা/ ইউনিটের সাথে পরামর্শ/আলোচনাপূর্বক প্রস্তাবটি সমৃদ্ধ করতে হবে;
* বিদ্যমান কমিটির সভা উপলক্ষ্যে সদস্যগণের জন্য প্রণোদনা প্রদানের ব্যবস্থা রাখা যেতে পারে ;
* সংশ্লিস্ট ইউনিয়ন পরিষদের মহিলা সদস্যকে এ উদ্যোগের সাথে সক্রিয়ভাবে সম্পৃক্ত রাখতে হবে ;
* উদ্ভাবনী পাইলট উদ্যোগের আওতায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে নিবিড় পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়নের ব্যবস্থা রাখতে হবে ;

(ঘ) "অগ্রহণকারী দম্পতিদের পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় আনা" শীর্ষক উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তব

পরামর্শ/ দিক নির্দেশনা :

* পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ইনোভেশন টিমসহ সংশ্লিষ্ট শাখা/ইউনিটের সাথে পরামর্শ/আলোচনাপূর্বক প্রস্তাবটি সমৃদ্ধ করতে হবে ;
* উদ্যোগটির আওতায় জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারী দম্পতিদের (যারা পদ্ধতি ব্যবহারে সন্তুষ্ট) মধ্য হতে ভলান্টারি গ্রুপ গঠনপূর্বক উক্ত গ্রুপকে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি অগ্রহণকারী দম্পতিদের জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের সুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে সম্পৃক্ত করতে হবে ;
* উদ্ভাবনী পাইলট উদ্যোগটির আওতায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে নিবিড় পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়নের ব্যবস্থা রাখতে হবে।

(ঙ) "প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধি" শীর্ষক উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব

পরামর্শ/দিকনির্দেশনা :

* পাইলট উদ্যোগ/প্রস্তাবটির শিরোনাম সুস্পষ্ট করতে হবে (যেমন ' মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুরোধে প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধি" শীর্ষক শিরোনাম অথবা অন্য কোনো উপযুক্ত শিরোনাম রাখা যেতে পারে) ;
* গর্ভবতীর বাড়ি চিহ্নিতকরণে লাল পতাকা উত্তোলনের পরিবর্তে সবুজ বা অন্য কোনো রঙের পতাকা উত্তোলন অথবা অন্য কোনো প্রতীক ব্যবহার করতে হবে;
* উদ্ভাবনী পাইলট উদ্যোগটির আওতায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে নিবিড় পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়নের ব্যবস্থা রাখতে হবে।

(চ) "নিরাপদ মাতৃত্ব নিশ্চিতকল্পে কমপক্ষে ৪টি এএনসি সেবা প্রদানে এসএমএস ও ফোন কল পদ্ধতির ব্যবহার" শীর্ষক উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রস্তাব

পরামর্শ/দিকনির্দেশনা :

* উদ্ভাবনী পাইলট উদ্যোগটির আওতায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে নিবিড় পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়নের ব্যবস্থা রাখতে হবে।

৩.২. মন্ত্রিপরিষদ বিভাগের ০২ জুলাই ২০১৭ তারিখের পত্রের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের তার অধিনস্থ দপ্তরসমূহের জন্য ২০১৭-২০১৮ অর্থ বৎসরের ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা অতি দ্রুত প্রণয়ন করতে হবে ।

৩.৩ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নবগঠিত ইনোভেশন টিম এর সকল সদস্যদের জন্য ইনোভেশন বিষয়ক ওরিয়েন্টেশন প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের জন্য এ-টু-আই প্রোগ্রাম কর্তৃপক্ষকে এ বিভাগের পক্ষ হতে অনুরোধ করা যেতে পারে।

০৪। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত/-
৩১/০৮-২০১৭
(কাজী আ.খ.ম. মহিউল ইসলাম)
অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)
ও
চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং-৫৯.১১৪.০৬১.০০.০০.০১২.২০১৭-৮১৯ তারিখ: ৩১/০৮/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
২। ইনোভেশন অফিসার, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
৩। জনাব গৌতম কুমার, উপসচিব (প্রবা) ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম
৪। ডা: মো: সারোয়ার বারী, উপসচিব (বাজেট) ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম
৫। জনাব মোহাম্মদ আবদুছ সালাম, উপপ্রধান (পরিকল্পনা) ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম
৬। জনাব মো: মিজানুর রহমান (উপসচিব), ডোমেইন স্পেশালিষ্ট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮। জনাব অশোক বিশ্বাস, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এসোসিয়েট, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৯। জনাব সাবিহা কবির, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, পঞ্চগড়
১০। জনাব মো: আব্দুল মান্নান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সদর, মুন্সিগঞ্জ
১১। জনাব মো: শিহাব উদ্দিন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাওনিয়া, রংপুর
১২। জনাব কাজী মাহফুজুল করিম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, ময়মনসিংহ
১৩। জনাব মোহাম্মদ কামাল হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ
১৪। জনাব মো: আরফাত হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দূর্গাপুর, নেত্রকোনা

১৫। জনাব মো: আলী আমজাদ দপ্তরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,মুক্তাগাছা, ময়মনসিংহ
১৬। জনাব ফারুক আল ফয়সাল, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর, জামালপুর
১৭। জনাব এ কে এম খন্দকার মনিরুজ্জামান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নলিতাবাড়ী, শেরপুর
১৮। জনাব ওবায়দুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, দিনাজপুর,
১৯। জনাব নাহিদ সুলতানা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেরানীগঞ্জ, ঢাকা
২০। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৩১/০৮/২০১৭

(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব (জনসংখ্যা-১)
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়